# 2017

# BENGALI

## (Modern Indian Language)

**Full Marks : 100**

**Pass Marks : 33**

**Time : Three Hours and *Fifteen Minutes**

*(*15 minutes are given as extra time for reading questions)*

*__All__ questions are compulsory.*

*Marks are indicated against each question.*

## Unit : 1 (Prose)

### 'ক' গুচ্ছ ঃ (গদ্যাংশ)

১, ২, ৩ নং প্রশ্নের প্রত্যেকটির *তিনটি* করে উত্তর দেওয়া আছে — ক, খ, গ। প্রতিটি প্রশ্নের শুদ্ধ উত্তরটি লেখ।

১। বঙ্কিমচন্দ্রের 'বিড়াল' প্রবন্ধটি — ১

(ক) 'বিবিধ প্রবন্ধ' গ্রন্থের অন্তর্গত।

(খ) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থের অন্তর্গত।

(গ) 'বিষবৃক্ষ' গ্রন্থের অন্তর্গত।

২। 'মানুষের মন' গল্পের তপেশ চাকুরি করত— ১

(ক) কলকাতায়।

(খ) পাটনায়।

(গ) এলাহাবাদে।

৩। 'পরেশ' গল্পের গুরুচরণের একমাত্র পুত্রের নাম— ১

(ক) বিমল।

(খ) অমল।

(গ) সজল।

৪। 'These words should be ready for instant use by every honest scientist — 'I don't know'. — William Beebe কোন গ্রন্থে এই কথাগুলি লিখেছেন ? ১

৫। '... তখন সে পরেশের হবিষ্যান্নের দিকে কিছুদিন ঝুঁকিত।' — হবিষ্যান্ন' শব্দের অর্থ কী ? ১

৬। ভারতবর্ষের প্রাচীন শিক্ষা ব্যবস্থা কিসের উপর প্রতিষ্ঠিত ছিল ? ১

৭। শিশুর বিকাশের ধারায় জন্ম থেকে কত বছর বয়স পর্যন্ত শৈশব কাল ? ১

৮। '... যাবো পরেশ যাবো, কিন্তু কে আমাকে নিয়ে যাবে ?' — উক্তিটি কার ? তিনি কোথায় যাবার ইচ্ছা প্রকাশ করেছিলেন ? ২

৯। 'এক শ্রেণীর কুযুক্তির ইংরাজী নাম begging the Question, অর্থাৎ যা প্রশ্ন তাই একটু ঘুরিয়ে উত্তর রূপে বলা।' — begging the Question এর একটি উদাহরণ দাও। ২

১০। Adolescence — এই ইংরেজি শব্দটি কোন ভাষার কোন শব্দ থেকে সৃষ্টি হয়েছে ? ২

১১। 'চোরকে ফাঁসি দাও, তাহাতেও আমার আপত্তি নাই, কিন্তু তাহার সঙ্গে আর একটি নিয়ম কর', — বিড়ালের প্রস্তাবিত নিয়মটি কী ? ৩

১২। 'মানুষের মন' গল্পের নরেশের চেহারার বিবরণ দাও। ৩

১৩। বর্তমান যুগে মূল্যবোধ শিক্ষা কেন গুরুত্বপূর্ণ স্থান অধিকার করেছে ? ৩

১৪। '... আন্তঃরাষ্ট্রীয় শিক্ষা আয়োগ (১৯৯৬) মাধ্যমিক শিক্ষাকে জীবনের সন্ধিক্ষণ (cross road of life) বলে অভিহিত করেছে।' — মাধ্যমিক শিক্ষাস্তরের *তিনটি* বৈশিষ্ট্য লিখ। ৩

১৫। 'পরেশ' গল্পের হরিচরণের স্বার্থপরতার পরিচয় দাও। ৫

## Unit : 2 (Poetry)

### 'খ' গুচ্ছ ঃ (পদ্যাংশ)

১৬ ও ১৭ নং প্রশ্নের প্রত্যেকটির *তিনটি* করে উত্তর দেওয়া আছে — ক, খ, গ। প্রতিটি প্রশ্নের শুদ্ধ উত্তরটি লেখ।

১৬। 'দুর্ভাগা দেশ' কবিতাটি 'গীতাঞ্জলি' কাব্যের অন্তর্গত। 'গীতাঞ্জলি' কাব্যের জন্য রবীন্দ্রনাথ ঠাকুর পেয়েছিলেন — ১

(ক) নোবেল পুরস্কার।

(খ) জ্ঞানপীঠ পুরস্কার।

(গ) সাহিত্য অকাদেমি পুরস্কার।

১৭। কবি জসিমউদ্দিন জন্মগ্রহণ করেন ১৯০৪ খ্রিঃ ১

(ক) ১ জানুয়ারি।

(খ) ২ জানুয়ারি।

(গ) ৩ জানুয়ারি।

১৮। শূন্যস্থান পূর্ণ কর ঃ ১

এই ——————— চেয়ে বড় কোনো আর মন্দির-কাবা নাই।

১৯। 'ফণীমনসার ঝোপে শটিবনে তাহাদের ছায়া পড়িয়াছে'।— ফণীমনসা কী ? ১

২০। 'গা-খানি তার শাঙন মাসের যেমন তমাল তরু'। ১

— 'শাঙন' অর্থাৎ শ্রাবণ বাংলা বৎসরের কততম মাস ?

২১। 'অপমানে হতে হবে তাহাদের সবার সমান।'— কে কাকে অপমান করেছে ? ২

২২। 'কোরাণ-পুরাণ-বেদ-বেদান্ত-বাইবেল-ত্রিপিটক'— ত্রিপিটক কোন ধর্মাবলম্বীদের ধর্মগ্রন্থ ? গ্রন্থটি কোন ভাষায় লিখিত ? ২

২৩। 'যদিও রূপা নয়কো রূপাই– রূপার চেয়ে দামী', — রূপাইকে রূপার চেয়ে দামী বলার কারণ কী? ২

২৪। 'মৃত্যু মাঝে হবে তবে চিতাভস্মে সবার সমান।'— মৃত্যু মাঝে সমান হবার অর্থ কী, বুঝিয়ে দাও। ৩

২৫। 'বুদ্ধগয়া এ, জেরুজালেম এ, মদীনা কাবা ভবন,' — টীকা লিখ ঃ কাবা ভাবন। ৩

২৬। 'জনম কালো, মরণ কালো, কালো ভুবনময়'— নিহিতার্থ বিশ্লেষণ কর। ৩

২৭। 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতা অবলম্বনে বাংলার রূপ বর্ণনা কর। ৫

## Unit : 3 (Reading)

## 'গ' গুচ্ছ ঃ (পঠন)

২৮। নিম্নোক্ত রচনাংশটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলির উত্তর লেখ ঃ

গঙ্গারামের মহারাষ্ট্র পুরাণ ইতিহাস আশ্রিত এক তথ্য কাব্য। এতে অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে বাংলাদেশে বর্গীর হাঙ্গামা ও অত্যাচারের কাহিনি অত্যন্ত নিপুণ বাস্তবতার সঙ্গে বর্ণিত হয়ে আধুনিক সাহিত্যাদর্শের দিকে অঙ্গুলি নির্দেশ করেছে। এস্থলে ত্রিপুরা রাজবংশের পারিবারিক তথ্য এবং রাজবংশের হানাহানি ও উত্থান পতন নিয়ে রচিত 'রাজমালা', 'কৃষ্ণমালা' ও 'চম্পক বিজয়' নামক তিনটি পুথির সামান্য উল্লেখ প্রয়োজন। এই তিনটি গ্রন্থে ধর্মমাণিক্য, কাশীচন্দ্র মাণিক্য, অমরমাণিক্য, উদয়মাণিক্য, গোবিন্দমাণিক্য, কৃষ্ণমাণিক্য ও রত্নমাণিক্য প্রমুখ ত্রিপুরাধিপতিদের জীবনকাহিনি বর্ণিত হয়েছে। রাজাদের রাজত্বকাল, ধর্মমত ও জীবনচর্যার নানা বাস্তবকাহিনি গ্রন্থগুলিতে স্থান পেয়েছে। এই বাস্তব জীবনপ্রতীতি ত্রিপুরার ঐতিহাসিক রচনাগুলির বৈশিষ্ট্য।

মহারাষ্ট্র পুরাণ প্রকৃত ইতিহাস কাহিনির রচনা। গঙ্গারামের মহারাষ্ট্র পুরাণের একটি পুথি বাংলা ১৩১১ সনে ময়মনসিংহের কৃষিশিল্প প্রদর্শনীতে 'সৌরভ' পত্রিকার সম্পাদক কেদারনাথ মজুমদার তুলে ধরেন। এর বছর দুই পরে ব্যোমকেশ মুস্তাফী ১৩১৩ সনের সাহিত্য পরিষৎ পত্রিকার তৃতীয় সংখ্যায় এটি প্রকাশ করেন।

গঙ্গারাম ময়মনসিংহ জেলার কিশোরগঞ্জ মহকুমার অন্তর্গত বীরেশ্বর গ্রামে অষ্টাদশ শতাব্দীর প্রারম্ভে জন্মগ্রহণ করেন। তিনি জঙ্গলবাসীর এক জমিদারের সেরেস্তায় কাজ করতেন। রাজস্ব ও অন্যান্য হিসাব নিকাশের জন্য মাঝে মাঝে তাঁকে মুর্শিদাবাদে নবাব মহলে যেতে হত। তখন পশ্চিমবঙ্গে বর্গীর হাঙ্গামা হয়। তিনি, হয় তা প্রত্যক্ষ করেছেন বা লোকমুখে বিবরণ শুনেছেন।

(ক) গঙ্গারামের মহারাষ্ট্র পুরাণ কী জাতীয় কাব্য ? ১

(খ) 'রাজমালা', 'কৃষ্ণমালা' ও 'চম্পক বিজয়' কাব্যে কী বর্ণিত হয়েছে ? ২

(গ) ত্রিপুরার ঐতিহাসিক রচনাগুলির বৈশিষ্ট্য কী ? ১

(ঘ) গঙ্গারামের মহারাষ্ট্র পুরাণের একটি পুথি কবে কোথায় প্রদর্শিত হয়েছিল ? ২

(ঙ) গঙ্গারাম কোথায় কাজ করতেন ? ১

২৯। নিম্নোক্ত রচনাংশটি পড়ে টীকা রচনা কর ঃ ৩

রামায়ণের কোন চরিত্র যদি আদর্শ বলে গ্রহণ করা যায় তবে তা একমাত্র ভরতের চরিত্র। সীতা লক্ষ্মণকে যে কটূক্তি করেছিলেন তা ক্ষমার্হ নয়। রামচন্দ্রের বালি বধ ইত্যাদি অনেক কাজই সমর্থন করা যায় না। লক্ষ্মণের কথা অনেক সময় অতি রুক্ষ ও দুর্বিনীত হয়েছে। কিন্তু ভরতের চরিত্রে কোন খুঁত নেই। পাদুকার উপর হেমছত্রধর জটাবল্কলধারী এই রাজর্ষির চিত্র রামায়ণে এক অদ্বিতীয় সৌন্দর্যপাত করেছে। কৈকেয়ীর সহস্র দোষ আমরা ক্ষমার্হ মনে করি, যখন মনে হয় তিনি এরূপ সুপুত্রের গর্ভধারিণী।

## Unit : 4 (Writing)

## 'ঘ' গুচ্ছ ঃ (লিখন)

৩০। যত্রতত্র আবর্জনা ফেলায় পরিবেশের স্বচ্ছতা নষ্ট হচ্ছে। এই পরিপ্রেক্ষিতে নির্দিষ্ট স্থানে আবর্জনা ফেলার অনুরোধ জানিয়ে তোমার এলাকাবাসীদের উদ্দেশ্যে একটি বিজ্ঞপ্তি রচনা কর। ২

*অথবা*

বইপড়ার উপযোগিতা সম্পর্কে দু'লাইনের একটি বিজ্ঞাপন রচনা কর।

৩১। জ্ঞানজ্যোতি স্কুলে ছাত্রছাত্রীদের হাতে তৈরি জিনিসের প্রদর্শনী হয়েছে। নিম্নোক্ত সূত্র অবলম্বনে এ সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর। ৩

প্রদর্শনীর দিন, তারিখ, সময় — প্রদর্শিত জিনিসের বিবরণ — দর্শকদের প্রতিক্রিয়া।

*অথবা*

কলেজিয়েট স্কুলের ত্রি দিবসীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গতকাল শুরু হয়েছে। নিম্নোক্ত তথ্যসূত্র অনুযায়ী এই প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানের বিবরণ লিখ।

উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয় সকাল ৮ টায়।

প্রতিযোগিতার উদ্বোধন করে প্রধান শিক্ষক খেলাধুলার উপযোগিতার কথা বলেন।

প্রতিযোগিতায় রয়েছে - ফুটবল, হকি, বাস্কেট বল, ভলিবল ইত্যাদি।

৩২। তোমার এলাকায় একটি স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য অনুরোধ জানিয়ে রাজ্যিক স্বাস্থ্য বিভাগের অধিকর্তার কাছে একটি চিঠি লেখ। (চিঠিতে নিজের নাম লিখবে - 'খ')। ৮

৩৩। ***যে কোন একটি*** বিষয়ে প্রবন্ধ রচনা কর ঃ ১২

(ক) তোমার প্রিয় লেখক।

(খ) ছাত্রজীবনে শৃঙ্খলাবোধ।

(গ) মণিপুরের কুটিরশিল্প।

(ঘ) কম্পিউটার বা গণকযন্ত্র।

## Unit : 5 (Functional Grammar)

## 'ঙ' গুচ্ছ ঃ (ব্যবহারিক ব্যাকরণ)

৩৪। যে পদগুলির মিলনে সমস্ত পদ গঠিত হয় তাদের প্রত্যেকটি পদকে কী বলা হয় ? ১

৩৫। যে সমাসে একটি পদ অব্যয় এবং সমাসবদ্ধ হবার পর অব্যয়টির অর্থই প্রধান হয়ে দাঁড়ায় তাকে কী সমাস বলে ? ১

৩৬। ক্ষণকাল ব্যাপিয়া স্থায়ী = ক্ষণস্থায়ী। – কোন সমাস ? ১

৩৭। প্রত্যয় কাকে বলে ? ১

৩৮। বাংলা কৃৎ প্রত্যয়ের *একটি* উদাহরণ দাও। ১

৩৯। অশুদ্ধি সংশোধন কর ঃ ১+১+১=৩

কৃষিজীবি, গণনা, পুস্করিণী।

৪০। কারক বিভক্তি নির্ণয় কর ঃ ১+১=২

'গীতাঞ্জলি' *রবীন্দ্রনাথের* রচনা।

যেখানে *বাঘের ভয়* সেখানে সন্ধে হয়।

---